

## 93546 - যিনি ইতিকার করতে চান, কিন্তু ডাক্তারের সাথে তার এপয়েন্টমেন্ট আছে

### প্রশ্ন

#### প্রশ্ন:

আমি ইতিকারে বসতে চাই। কিন্তু ডাক্তারের সাথে আমার গুরুত্বপূর্ণ এপয়েন্টমেন্ট আছে। আমি কি ইতিকার অবস্থায় ডাক্তারের কাছে যেতে পারব? নাকি আমার জন্য ইতিকার করা ওয়াজিব নয় ?

### প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

ইতিকারমানে হচ্ছে-অনবরত মসজিদে অবস্থান করা, মসজিদ ছেড়ে না যাওয়া। ইতিকার একটি মুস্তাহাব সুন্নত; বিশেষত রমজানের শেষ ১০ দিনের ইতিকার। এটি ওয়াজিব নয়; যদি না কোন মুসলিম মান্নতের মাধ্যমে ইতিকারকে নিজের উপর ওয়াজিব করে নেয়। মান্নত ছাড়া ইতিকার ওয়াজিব হয় না। দেখুন (48999) নং প্রশ্নের উত্তর। এ ক্ষেত্রে মূলনীতি হচ্ছে-মসজিদে বাস্তবায়ন করা সম্ভব নয় এমন কোনো প্রয়োজন ছাড়া ইতিকারকারী মসজিদ থেকে বের হতে পারবে না। যেমন অজু, গোসল, প্রাকৃতিক প্রয়োজনপূরণ ইত্যাদি। এর দলীল হচ্ছে-আয়েশা রাদিয়াল্লাহু আনহা এর হাদিস: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন ইতিকার করতেন তখন মানবীয় প্রাকৃতিক প্রয়োজন ছাড়া নিজ গৃহে ফিরতেন না। [সহীহ মুসলিম (২৯৭)] আপনার যদি ডাক্তারের কাছে যাওয়া একান্ত প্রয়োজন হয় এবং সে এপয়েন্টমেন্ট রমজানের পরে নেয়ার কোন সুযোগ না থাকে তবে আমার নিকট যা অগ্রগণ্য হিসেবে প্রতীয়মান হচ্ছে সেটা হলো- মসজিদ থেকে বের হয়ে ডাক্তারের সাথে দেখা করে পুনরায় মসজিদে ফিরে আসলে ইতিকারের কোন ক্ষতি হবে না। ইমাম নববীরাহিমাছল্লাহ তাঁর লিখিত 'আলমাজমূ' (৬/৫৪৫) গ্রন্থে উল্লেখ করেছেন যে ইতিকারকারী অসুস্থ এবং অসুস্থতার কারণে মসজিদে অবস্থান করা তার জন্য কষ্টকর হয়ে পড়ে; যেহেতু তার আলাদা বিছানা, খাদেম ও বারবার ডাক্তারের কাছে যাওয়া লাগে ইত্যাদি; তার জন্য মসজিদ থেকে বের হওয়া বৈধ। "সমাণ্ড শাইখ ইবনে উছাইমীন রাহিমাছল্লাহ 'জালাসা তারামাদ্বানিয়াহ' (রমজানের আসর) (১৪১১ হিজরির সপ্তম আসর, পৃষ্ঠা-১৪৪) তে বলেছেন: "আর যার (ইতিকারকারীর) ডাক্তারের কাছে যাওয়ার প্রয়োজন পড়ে সে মসজিদ থেকে বের হতে পারবে। এ ছাড়া সে মসজিদে অবস্থান করবে।" সমাণ্ড আল্লাহ ই সবচেয়ে ভালো জানেন।